দৈনিক ইনকিলাব

তারিখ 29 JUL 1990
পৃষ্ঠা 6 কলাম 2

19

## শিক্ষাঙ্গনে

### পেশাধারী গৃহশিক্ষক

বাংলাদেশের সর্বত্র বিশেষ করে, রাজধানী ঢাকা শহরে গৃহশিক্ষকতার পেশা হিসেবে বহু উচ্চ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থী নিয়োজিত রয়েছেন। শিক্ষার্থীরা তাদের মূল্যবান পড়াশুনার ফাঁকে এ পেশায় নিয়োজিত থাকেন। উল্লেখ্য, বাংলাদেশে অনার্স কোর্স সম্বলিত কলেজ বিশ্ববিদ্যালয়গুলোতে তিন বছরের অনার্স কোর্স পাঁচ হতে ছয় বছরে শেষ হয়ে থাকে। তারই প্রেক্ষাপটে শিক্ষার্থীদের তাদের অভিভাবক থেকে তিন বছরের স্থলে আরো অতিরিক্ত তিন বছর পর্যন্ত আর্থিক সাহায্য এনে পড়াশুনা করা একেবারেই অসম্ভব হয়ে দাঁড়ায়। এমতাবস্থায় তারা উপার্জনের বিকল্প পথ হিসেবে গৃহশিক্ষকতার পেশায় নিজেদের নিয়োজিত করে থাকেন। রহস্যজনক হলো, শিক্ষকগণ স্কুলে ছাত্র-ছাত্রীদের নির্ধারিত সিলেবাস ইচ্ছা করে শেষ করে দেন না। ফলে, ছাত্র-ছাত্রীদেরকে কোর্স শেষ করার জন্য শেষ পর্যন্ত শিক্ষকদের কাছে পড়তে যেতে হয়। এতে উচ্চ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীরা গৃহশিক্ষকতা হতে বঞ্চিত হন। কিন্তু প্রশ্ন হলো— এ শিক্ষকবৃন্দ যদি একটু মনোযোগী এবং সহনশীল হয়ে থাকেন তবে উচ্চ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীরা গৃহশিক্ষকতা করে অভিভাবকদেরকে আর্থিকভাবে সাহায্য করতে পারতেন।

—মাঈন উদ্দিন তারেক